## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, ডিপ্লোমা শাখা
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৪.২৫. ২৫৯(১)  তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

### বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন শিক্ষাক্রমের ২য় পর্ব নিয়মিত এবং ১ম পর্ব অনিয়মিত/অকৃতকার্য বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৪ আগামী ০৯ মার্চ ২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার হতে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও বোর্ডের ওয়েবসাইটে হতে জানা যাবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন শিক্ষাক্রমের ২য় পর্বের পরীক্ষায় নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীকে ২য় পর্বের নির্ধারিত বিষয়সমূহে পরীক্ষা দিতে হবে। ১ম পর্বের অনিয়মিত পরীক্ষার্থীদের শুধুমাত্র অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার এন্ট্রি ফরম ও ফি সমূহ প্রেরণের নিয়মাবলি বর্ণিত হলো।

১। পরীক্ষার এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলিঃ

১.১ পরীক্ষার্থীদেরকে অত্যন্ত সাবধানতার সহিত নিজ নিজ এন্ট্রি ফরম বাংলায় পূরণ করতে হবে। সার্টিফিকেটে নামের সমতা রক্ষার্থে ফরমের নির্ধারিত স্থানে ইংরেজিতে পরীক্ষার্থীর এসএসসি পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ নাম অবশ্যই অবিকল লিখতে হবে।

১.২ প্রত্যেক পরীক্ষার্থী তার এন্ট্রি ফরমের ১২ অনুচ্ছেদের (ক) পংক্তিতে “২য় পর্বের সকল বিষয়” এই কথাটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করবে এবং যাদের ১ম পর্বের অকৃতকার্য বিষয় আছে তারা ১২ অনুচ্ছেদের (ক) পংক্তিতে অকৃতকার্য বিষয়/বিষয় সমূহের নাম লিপিবদ্ধ করবে।

১.৩ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য প্রতিটি বিষয়ের নির্ধারিত লিখিত, ব্যবহারিক ও সেশনাল/ধারাবাহিক অংশে ভিন্ন ভিন্ন ভাবে পাশ করতে হবে।

১.৪ প্রত্যেক পরীক্ষার্থী তার এন্ট্রি ফরমের নির্ধারিত পংক্তিতে তার রেজিস্ট্রেশন নম্বর ও সেশন লিপিবদ্ধ করতে হবে। লেখার উপর পুনঃলিখন (ওভার রাইটিং) করা যাবে না।

১.৫ সর্বশেষ ১ম পর্ব বোর্ড সমাপনী পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অংশ গ্রহণ করেনি এক্ষনে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম পর্বের পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক হলে তাদেরকে ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে ৩০০.০০ (তিনশত টাকা) সংযোগ রক্ষাকারী ফি-সহ অনুমতি গ্রহণ করতে হবে। অনুমতি ব্যতিরেকে এন্ট্রি ফরম পূরণ করা যাবে না।

২। **পরীক্ষার ফি-সমূহের হারঃ**

(ক) ২য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম পর্বে অকৃতকায বিষয় নাই):

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ৬০০.০০ |
| ২ | কেন্দ্র ফি | ৬০০.০০ |
| ৩ | নম্বরপত্র ফি | ৮০.০০ |
| ৪ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয় সংখ্যা * ৪০.০০ |
| ৫ | প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |
| ৬ | সনদপত্র ফি | ১২০.০০ |

(ক) ২য় পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম পর্বে অকৃতকায বিষয় আছে):

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ২য় পর্বের জন্য: ৬০০.০০<br>এবং ১ম পর্বের বিষয় সংখ্যা * ১২৫.০০ |
| ২ | কেন্দ্র ফি | ২য় পর্বের জন্য: ৬০০.০০<br>এবং ১ম পর্বের অকৃতকায বিষয়ের জন্য: ২৫০.০০ |
| ৩ | নম্বরপত্র ফি | পর্ব সংখ্যা * ৮০.০০ |
| ৪ | ব্যবহারিক পরীক্ষার ফি | ব্যবহারিক বিষয় সংখ্যা * ৪০.০০ |
| ৫ | প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |

(খ) ১ম পর্ব অনিয়মিত/অকৃতকার্য বিষয় পরীক্ষার্থীদের জন্যঃ

| | | |
|---|---|---|
| ১ | পরীক্ষার ফি | ৬০০.০০ |
| ২ | কেন্দ্র ফি | ৬০০.০০ |
| ৩ | নম্বরপত্র ফি | ৮০.০০ |
| ৪ | ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে) | প্রতি বিষয় ৪০.০০ |
| ৫ | প্রশ্নপত্র ব্যবস্থাপনা ফি | ৫০.০০ |

৩। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফি প্রেরণের নিয়মাবলিঃ**

৩.১ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি বোর্ডে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ বা ভুল তথ্যবিশিষ্ট এন্ট্রি ফরম বা নির্ধারিত ফিস ব্যতীত এন্ট্রি ফরম সরাসরি বাতিল করা হবে এবং এজন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.৩ পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও অন্যান্য ফি বাবদ আদায়কৃত অর্থ সোনালি ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট সংগ্রহ করে এন্ট্রি ফরমের সাথে প্রেরণ করতে হবে। ড্রাফটটি সোনালি ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.৪ নগদ টাকা, মানী অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৫ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৬ অত্র অফিসে প্রেরণের পূর্বে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে সাজিয়ে দিতে হবে।

৩.৭ পরীক্ষার্থীর প্রতিটি ফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অবশ্যই স্বাক্ষর ও সিলমোহর প্রদান করবেন।

৩.৮ নিম্ন বর্ণিত ছক অনুযায়ী সকল পরীক্ষার্থীর টেকনোলজি ভিত্তিক একটি তালিকা এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করতে হবে।

| ক্রমিক নং | টেকনোলজি | পরীক্ষার্থীর নাম | যে বিষয়ের পরীক্ষা দিবে তার বিষয় কোড ও নাম | পরীক্ষার ফি | নম্বর পত্র ফি | সনদপত্র ফি | বিলম্ব ফি | মোট ফি | পূর্ববর্তী পরীক্ষার রোল নম্বর ও সন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

৩.৯ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

| শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার সময়সিমা | শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | সকল ব্যাংক ড্রাফট, এন্ট্রি ফরম বোর্ডে জমা/গ্রহণের তারিখ | নির্ধারিত তারিখের (০১-০৩-২০২৬ খ্রি.) পর প্রতিষ্ঠান কর্তৃক ১০০০/- টাকা জরিমানা সাপেক্ষে ০৪-০৩-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|
| ২৩-০২-২০২৬ খ্রি. হতে ২৬-০২-২০২৬ খ্রি. পর্যন্ত | ০১-০৩-২০২৬ খ্রি. | ০২-০৩-২০২৬ খ্রি. | | ০৫-০৩-২০২৬ খ্রি. |

৩.১০ পূরণকৃত এন্ট্রি ফরম, তালিকা ও সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিস্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা) বরাবরে করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলিঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ৩.৮ অনুচ্ছেদে বর্ণিত তালিকা মোতাবেক প্রণীত বিবরণী ও এন্ট্রিফরমসমূহ একটি ফরোয়ার্ডিং (পত্র) এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে এন্ট্রফরম প্রেরণ করা বর্জনীয়।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রাণের লক্ষ্যে এন্ট্রিফরম ও ফিসের অর্থ ৩.৯ অনুচ্ছেদে বর্ণিত তালিকা মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যেক পরীক্ষার্থীকে অবহিত করতে হবে।

৪.৪ পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।

৪.৫ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৪.৬ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে- এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১৭/০২/২৬
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৪.২৫.২৫৭(১)

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৩. সচিব/পরিচালক, (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপপরীক্ষা নিয়ন্ত্রক, সনদ/গোপনীয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপসচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি

১৭/০২/২৬
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৩১